গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

সংস্থাপ্রধানসহ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. নাহিদ রশীদ<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ২৫/০৬/২০২৩ তারিখ সকাল ০৯.৩০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভায় উপস্থিত সদস্যদের তালিকা | : | সংযুক্ত (পরিশিষ্ট- ক) |

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) গত ২১ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের অধীন সংস্থাপ্রধানসহ মাসিক সমন্বয়-সভার কার্যপত্র উপস্থাপন করেন। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

৩। মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাভিত্তিক সমন্বয়-সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন, অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কার্যক্রম | প্রশাসনিক মন্ত্রণালয়ের ফিডব্যাকের আলোকে সকল দপ্তর/সংস্থা কর্তৃক চূড়ান্ত এপিএ/২০২৩-২৪ APAMS সফটওয়্যারে দাখিল করেছে। যথাসময়ে চুক্তি স্বাক্ষরের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | মন্ত্রণালয়ের সাথে এর অধীন সকল দপ্তর/সংস্থার চুক্তি কার্যক্রম যথাসময়ে সম্পাদনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | অতিঃ সচিব (প্রশাসন), সকল সংস্থা প্রধান / উপসচিব (প্রশাসন-১) |
| ৩.২ | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) বাস্তবায়ন | জাতীয় মৎস্য সপ্তাহ ও এপিএ কার্যক্রমের জন্য SDG বিষয়ক কর্মশালা জুন/২০২৩ মাসে আয়োজন করা সম্ভব হয়নি। SDG বিষয়ক মূখ্য সমন্বয়ক, মাননীয় মন্ত্রী এবং FAO এর সাথে আলোচনা করে দ্রুত সময়ের মধ্যে কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | SDG বিষয়ক মূখ্য সমন্বয়ক, মাননীয় মন্ত্রী এবং FAO এর সাথে আলোচনা করে SDG বিষয়ক কর্মশালা দ্রুত সময়ের মধ্যে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট)/সংস্থা প্রধান/ উপসচিব (প্রশা-১) |
| ৩.৩ | সেবা-পদ্ধতি সহজিকরণ | দপ্তর/সংস্থা কর্তৃক প্রকৃত সেবাগ্রহীতাদের অংশগ্রহণে কর্মশালা আয়োজনের মাধ্যমে ০১ টি সেবা-সহজিকরণ চিহ্নিতপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার বিষয়ে পুনরায় আলোচনা করা হয়। বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল কর্তৃক গৃহীত সেবার তথ্য প্রশাসন-৩ অধিশাখায় পুনরায় প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল কর্তৃক গৃহীত সেবার তথ্য প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ২০২৩-২৪ অর্থবছরে সেবা-পদ্ধতি সহজিকরণ করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান |
| ৩.৪ | ই-সেবা প্রবর্তন | দপ্তর/সংস্থা কর্তৃক ২০২২-২৩ অর্থবছরে ০১ টি করে ই-সেবা প্রবর্তিত হয়েছে। ইতোপূর্বে বাস্তবায়িত সকল ই-সেবা চালু রাখাসহ নতুন প্রবর্তিত ই-সেবার সর্বশেষ তথ্য প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | দপ্তর/সংস্থা কর্তৃক প্রতি বছরের ন্যায় ২০২৩-২৪ অর্থবছরে নির্বাচিত সেবা এবং ইতোপূর্বে বাস্তবায়িত সকল ই-সেবা চালু রাখাসহ সর্বশেষ তথ্য প্রেরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান |
| ৩.৫ | তথ্য-বাতায়ন হালনাগাদকরণ | প্রাণিসম্পদ অধিদপ্তর ব্যতীত অন্যান্য দপ্তর/সংস্থার তথ্যবাতায়ন সঠিকভাবে হালনাগাদ করা হয়েছে। প্রাণিসম্পদ অধিদপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদকরত: তারিখ উল্লেখসহ আগামী সভায় স্পষ্ট তথ্য প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | প্রাণিসম্পদ অধিদপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদকরত: তারিখ উল্লেখসহ আগামী সভায় স্পষ্ট তথ্য প্রেরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান ও সিস্টেম এনালিস্ট |

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৩.৬ | আইন/ বিধিমালা প্রণয়ন | **(ক) "বাংলাদেশ পশু ও পশুজাত পণ্য সঙ্গনিরোধ (সংশোধন) আইন, ২০২৩"**: পশু ও পশুজাত পণ্য সংগনিরোধ আইন, ২০০৫ সংশোধনক্রমে পশু ও পশুজাত সঙ্গ নিরোধ আইন, ২০২২ খসড়া মন্ত্রিপরিষদ-বৈঠকে উপস্থাপনের নিমিত্ত সুপারিশের জন্য বিগত ১৬/১১/২০২২ তারিখে আহ্বায়ক, আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি ও অতিরিক্ত সচিব (আইন), মন্ত্রিপরিষদ বিভাগে প্ররণ করা হলে কতিপয় পর্যবেক্ষনের আলোকে কার্যক্রম চলমান রয়েছে।<br>(খ). **''বাংলাদেশ চিড়িয়াখানা আইন, ২০২৩''**:<br>বিলটি জাতীয় সংসদে উত্থাপনের জন্য ০৬/০৩/২০২৩ তারিখে জাতীয় সংসদ সচিবালয়ে প্রেরণ করা হয়।<br>(গ) **বাংলাদেশ ডেইরী উন্নয়ন বোর্ড আইন-২০২৩**<br>বাংলাদেশ ডেইরি বোর্ড আইন-২০২৩ শীর্ষক বিল মহামান্য রাষ্ট্রপতির সুপারিশ গ্রহণপূর্বক অর্থ বিভাগে প্রেরণ করা হলে, অর্থ বিভাগ হতে নথি মন্ত্রণালয়ে প্রেরিত হয়েছে। বর্তমানে বিলটি মহান জাতীয় সংসদ সচিবালয়ে প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। | (ক) ''পশু ও **পশুজাত পণ্য সঙ্গনিরোধ** আইন, এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে পর্যবেক্ষণের আলোকে কার্যক্রম চলমান রাখার নির্দেশনা প্রদান করা হয়।<br>(খ) এ সংক্রান্ত কার্যক্রম চলমান রাখার নির্দেশনা প্রদান করা হয়।<br>(গ) এ সংক্রান্ত কার্যক্রম চলমান রাখার নির্দেশনা প্রদান করা হয়। | উপসচিব (আইন)/ সংস্থা প্রধান |
| ৩.৭ | দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন সংক্রান্ত | এপিএ এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের নিমিত্ত দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন অব্যাহত রাখা, বিশেষত বিএলআরআই এর আঞ্চলিক অফিসসমূহের পরিদর্শনের তথ্য পরবর্তী মাসে আবশ্যিকভাবে প্রেরণ এবং মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভাগীয় ও তদুর্দ্ধ পর্যায়ের অফিসের পরিদর্শন প্রতিবেদন (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | এপিএ এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের নিমিত্ত দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন অব্যাহত রাখা, বিশেষত বিএলআরআই এর আঞ্চলিক অফিসসমূহের পরিদর্শনের তথ্য পরবর্তী মাসে আবশ্যিকভাবে প্রেরণ এবং মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভাগীয় ও তদুর্দ্ধ পর্যায়ের অফিসের পরিদর্শন প্রতিবেদন (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান |
| ৩.৮ | অডিট আপত্তি | প্রকিউরমেন্ট সংশ্লিষ্ট অডিট আপত্তির ক্ষেত্রে অফিস প্রধানগণ কর্তৃক আন্তরিকতার সাথে যথাযথ প্রমানকসহ সুস্পষ্ট জবাব প্রদান এবং অডিট আপত্তির নিষ্পত্তির হার বৃদ্ধিতে কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের সাথে যোগাযোগ করে নিয়মিত ত্রিপক্ষীয় সভা আয়োজনে বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া দপ্তর/সংস্থার ক্রয় সংক্রান্ত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক পিপিআর-২০০৮ যথাযথভাবে অনুসরণ করা, নিয়মিত ত্রিপক্ষীয় সভা আয়োজন করা, ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত আনয়ন এবং কম্পট্রোলার জেনারেল এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের সাথে মন্ত্রণালয়ের সংখ্যার গড়মিলের বিষয়ে আলোচনা করা হয়। | প্রকিউরমেন্ট সংশ্লিষ্ট অডিট আপত্তির ক্ষেত্রে অফিস প্রধানগণ কর্তৃক আন্তরিকতার সাথে যথাযথ প্রমাণকসহ সুস্পষ্ট জবাব প্রদান এবং অডিট আপত্তির নিষ্পত্তির হার বৃদ্ধিতে কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের সাথে যোগাযোগ করত: নিয়মিত ত্রিপক্ষীয় সভা আয়োজন করা, দপ্তর/ সংস্থার ক্রয় সংক্রান্ত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক পিপিআর-২০০৮ যথাযথভাবে অনুসরণ, নিয়মিত ত্রিপক্ষীয় সভা আয়োজন করা, ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত আনয়ন এবং কম্পট্রোলার জেনারেল এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের সাথে মন্ত্রণালয়ের সংখ্যার গড়মিলের | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ সংস্থা প্রধান/ সহকারী সচিব (প্রশাসন-৪) |

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | বিষয়ে যোগাযোগের নির্দেশনা প্রদান করা হয়। | |
| ৩.৯ | মামলা নিষ্পত্তি | প্রাণিসম্পদ অধিদপ্তর এবং বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর কনটেম্পট মামলার বিষয়ে আলোচনা করা হয়। এ সমস্ত মামলাসমূহে বিষয়ে বিজ্ঞ এটর্নি জেনারেল ও সলিসিটর উইং এর সাথে ব্যক্তিগতভাবে আলোচনাপূর্বক জুলাই/২৩ মাসের ১ম সপ্তাহের মধ্যে ব্যবস্থা গ্রহণ ও গৃহীত ব্যবস্থা সম্পর্কে মন্ত্রণালয়কে অবহিতকরণের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া বিএফআরআই এর রাজস্বখাতে স্থানান্তরিত কর্মচারীদের বেতনস্কেল নিম্নধাপে অবনমিতকরণ বিষয় মামলার রিভিউ করার বিষয়ে আলোচনা করা হয়। | প্রাণিসম্পদ অধিদপ্তর এবং বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর কনটেম্পট মামলায় রিভিউকারী কর্মচারীদের শিক্ষাগত যোগ্যতার বিষয় বিবেচনায় নেয়া এবং এতদসংশ্লিষ্ট বিষয়ে বিজ্ঞ এটর্নি জেনারেল ও সলিসিটর উইং এর সাথে ব্যক্তিগতভাবে আলোচনাপূর্বক জুলাই/২৩ মাসের ১ম সপ্তাহের মধ্যে ব্যবস্থা গ্রহণ ও গৃহীত ব্যবস্থা সম্পর্কে মন্ত্রণালয়কে অবহিতকরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া বিএফআরআরই এর রাজস্বখাতে স্থানান্তরিত কর্মচারীদের বেতনস্কেল নিম্নধাপে অবনমিতকরণ মামলার রিভিউ করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান (সকল), যুগ্মসচিব (আইন) |
| ৩.১০ | পেনশন কেইস দ্রুত নিষ্পত্তি | পেনশন কেইসসমূহের বিষয়ে সঠিক ও স্বয়ংসম্পূর্ণ তথ্য উপস্থাপন এবং দ্রুত নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। | পেনশন কেইসগুলো অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তিতে পেনশনের আবেদন মন্ত্রণালয়ে প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অতি দ্রুত সময়ে সকল কাগজপত্র যাচাই করে অডিট আপত্তির বিষয়টি সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক মন্ত্রণালয়ে প্রেরনের নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (মৎস্য/ প্রাণিসম্পদ-২), সংস্থা প্রধান মন্ত্রণালয়ের কল্যাণ কর্মকর্তা |
| ৩.১১ | ই-নথি | সকল দপ্তর/সংস্থার ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি বিশেষত মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর অগ্রগতির হার বাড়ানোর বিষয়ে আলোচনা করা হয়। যেসকল দপ্তর/সংস্থার ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধিতে মন্ত্রণালয়ের আইসিটি অনুবিভাগের সাথে যোগাযোগ করা এবং এ সংক্রান্ত তথ্য প্রেরণের ক্ষেত্রে ইতোমধ্যে প্রেরিত ছক মোতাবেক প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | এ মন্ত্রণালয় এর অধীনস্থ সংস্থায় ১০০% ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়। যেসকল দপ্তর/সংস্থা বিশেষত মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর অগ্রগতির হার বৃদ্ধিতে মন্ত্রণালয়ের আইসিটি সেলের সাথে যোগাযোগ রাখা এবং এ সংক্রান্ত তথ্য প্রেরণের ক্ষেত্রে ইতোমধ্যে প্রেরিত ছক মোতাবেক তথ্য প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | অনুবিভাগ প্রধান (সকল)/ সংস্থাপ্রধান |
| ৩.১২ | ইনোভেশন | সকল দপ্তর/সংস্থা কর্তৃক চলতি ২০২২-২৩ অর্থবছরে ইনোভেশন সংক্রান্ত কর্মশালা সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ২০২২-২৩ অর্থবছরে কি ইনোভেশন করা হয়েছে তার তথ্য প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | ২০২২-২৩ অর্থবছরে কি ইনোভেশন করা হয়েছে তার তথ্য প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়। | চিফ ইনোভেশন অফিসার (মওপ্রা.)/ সংস্থাপ্রধান |
| ৩.১৩ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের গত ০৩/০৭/২০২২ তারিখের ০১ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুসারে প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থের ৫০ শতাংশ ব্যয়ের মাধ্যমে এপিএ-তে উল্লিখিত দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের গত ০৩/০৭/২০২২ তারিখের ০১ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুসারে প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থের ৫০ শতাংশ ব্যয়ের মাধ্যমে এপিএ-তে উল্লিখিত দপ্তর/সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে নির্দেশনা প্রদান | |

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | করা হয়। | |
| ৩.১৪ | জাতীয় শুদ্ধাচার কৌশল | সকল দপ্তর/সংস্থা হতে ২০২৩-২৪ অর্থবছরের প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ১৫/০৬/২০২৩ তারিখের মধ্যে "সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম" সফটওয়্যারে আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। | সকল দপ্তর/সংস্থা হতে ২০২৩-২৪ অর্থবছরের প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ১৫/০৬/২০২৩ তারিখের মধ্যে "সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম" সফটওয়্যারে আপলোডের নির্দেশনা প্রদান করা হয়। | অতিঃসচিব (প্রশাসন)/ সংস্থা প্রধান |
| ৩.১৫ | অভিযোগ নিষ্পত্তি | সিটিজেন্স চার্টার সংশ্লিষ্ট অভিযোগসমূহ বিধি মোতাবেক নিষ্পত্তিকরত: সংশ্লিষ্টদের অবহিতকরণসহ ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। বিশেষত মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত তথ্য সংশোধনের বিষয়ে আলোচনা করা হয়। | সিটিজেনস চার্টার সংশ্লিষ্ট অভিযোগসমূহ নিষ্পত্তি করতঃ সংশ্লিষ্টদের অবহিতকরণসহ ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখা এবং মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত তথ্য সংশোধনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান |
| ৩.১৬ | অনিষ্পন্ন পত্র/বিষয় | বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত পত্রাদি সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিষ্পত্তি করার বিষয়ে আলোচনা করা হয়। | বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত পত্রাদি সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিষ্পত্তি করার নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান (সকল)/GRS ফোকাল পয়েন্ট/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৩.১৭ | নিয়োগ সংক্রান্ত | দপ্তর/সংস্থার নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। | দপ্তর/সংস্থার সর্বশেষ নিয়োগ কার্যক্রমের তথ্য প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান (সকল)/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৩.১৮ | বিবিধ | (ক) দপ্তর/সংস্থার কর্মকর্তাদের স্বল্পমেয়াদী প্রশিক্ষণ/ সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণের পূর্ণাঙ্গ প্রস্তাব কমপক্ষে ১৫ দিনে পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া আমন্ত্রণপত্র মন্ত্রণালয়ের সচিব/মহাপরিচালক বরাবর প্রেরণসহ বিষয়ে আলোচনা করা হয়। | (ক) দপ্তর/সংস্থার কর্মকর্তাদের স্বল্পমেয়াদী প্রশিক্ষণ/সেমিনার/ ওয়ার্কশপে অংশগ্রহণের পূর্ণাঙ্গ প্রস্তাব কমপক্ষে ১৫ দিনে পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণসহ আমন্ত্রণপত্র মন্ত্রণালয়ের সচিব/মহাপরিচালক বরাবর প্রেরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান (সকল)/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| | | (খ) দপ্তর/সংস্থার কর্মরত কর্মকর্তাগণ উর্দ্ধতন কর্তৃপক্ষের সম্মতি গ্রহণ ব্যতীত কর্মস্থল ত্যাগ না করার বিষয়ে আলোচন করা হয়। | (খ) দপ্তর/সংস্থার কর্মরত কর্মকর্তাগণ উর্দ্ধতন কর্তৃপক্ষের সম্মতি গ্রহণ ব্যতীত কর্মস্থল ত্যাগ না করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/৭/২৩

(ড. নাহিদ রশীদ)
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়